

## ১২০০০ (বার হাজার) পিস ইয়াবাসহ গ্রেফতার-০২



গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চলাধীন খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব এস, এম সামছুল কবির নেতৃত্বে একটি বিশেষ টিম অদ্য ১৬/১১/২০১৪ ইং তারিখ ১২.০০-১৩.০০ ঘটিকায় হাজারীবাগ থানাধীন

১৭৫, মধুবাজারসহ ৬তলা বিল্ডিংয়ের ২য় তলায় বি-১ ফ্ল্যাটে অভিযান পরিচালনা করে ১) আক্তার (৫০), পিতা মৃত-সামছুল হক, ২) মাহাবুব (৩০), পিতা মৃত-শাহজাহান মিয়া, উভয় স্হায়ী সাং দেওভোগ পানির ট্যাংকী, থানা ও জেলা-নারায়নগঞ্জ কে ১২০০০ (বার হাজার) পিস ইয়াবাসহ হাতেনাতে গ্রেফতার করেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে প্রেফতারকৃত আসামীদ্বয় জানায় যে টেকনাফ সীমান্ত এলাকা হতে ঢাকার বিভিন্ন মাদকস্পটে ইয়াবা সরবরাহ করে থাকে।

এ বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব এস, এম সামছুল কবির বাদী হয়ে হাজারীবাগ থানায় একটি নিয়মিত মামলা দায়ের করেছেন।